

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৫, ২০১৮

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

অফিস আদেশ

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩২৩/২০১৮ এসসি(এডি)—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের অবসরপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার মরহুম মোঃ মফিজুল ইসলাম-এর স্ত্রী জনাব দেলোয়ারা ইসলাম-এর অনুকূলে তাঁর স্বামীর সহকারী রেজিস্ট্রার পদে কাজে যোগদানের তারিখ ১৮-০৫-১৯৯৯ খ্রিঃ হতে ১৯-০৩-২০০২ খ্রিঃ তারিখ পর্যন্ত সহকারী রেজিস্ট্রার পদের উন্নীত বেতন স্কেল অনুযায়ী জাতীয় বেতন স্কেল/১৯৯৭ এর ৫ম গ্রেড, (৯৫০০-১২১০০) টাকা স্কেল ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি প্রদান করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

আদেশক্রমে

মোহাম্মদ মেহেদী হাসান  
ডেপুটি রেজিস্ট্রার।

খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
প্রজ্ঞাপন

তারিখ : ১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২৫৫—জনাব আবু জাকির মোহাম্মদ রিজওয়ানুর রহমান, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাভার, ঢাকাকে তার আবেদনের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর অধীনে বদলি করা হলো। এ বদলির জন্য তিনি কোন সরকারি টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

মহাপরিচালকের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মামুন আল মোর্শেদ চৌধুরী  
উপ-পরিচালক (সংস্থাপন)।

অতিরিক্ত পরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
ফরিদপুর অঞ্চল, ফরিদপুর

আরকলিপিসমূহ

তারিখ : ১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ১২.১৬.২৯০০.০৩৯.১৯.০১১.১৬/১৯৪(১৫)—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চলে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে বদলীযোগ্য পদায়ন করা হলো:

- (১) সুবোধ কুমার বিশ্বাস, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, উপজেলা কৃষি অফিস, মধুখালী, ফরিদপুর—উপজেলা কৃষি অফিস কাশিয়ানী, গোপালগঞ্জ।
- (২) এসএমএ রহমান, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, উপজেলা কৃষি অফিস ডামুড্যা, শরীয়তপুর—উপজেলা কৃষি অফিস, কালকিনি, মাদারীপুর।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ১২.১৬.২৯০০.০৩৯.১৯.০১১.১৬/১০৪(১৩)—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চলে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে বদলীযোগ্য পদায়ন করা হলো।

- (১) স্বপন কুমার সাহা, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, চরভদ্রাসন, ফরিদপুর—উপজেলা কৃষি অফিস, ফরিদপুর সদর, ফরিদপুর।
- (২) মোঃ ফজলুল হক খান, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, রাজবাড়ী সদর, রাজবাড়ী—উপজেলা কৃষি অফিস, চরভদ্রাসন, ফরিদপুর।
- (৩) মোঃ আবুল হোসেন, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, কালুখালী, রাজবাড়ী—উপজেলা কৃষি অফিস, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কিংকর চন্দ্র দাস  
অতিরিক্ত পরিচালক।

উপপরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, কুষ্টিয়া  
স্মারকলিপি

তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩৪১(৬)—অর্থ মন্ত্রণালয়ের ২১-০১-৮৫ ইং তারিখের এম.এফ/এফডি/রেগ-২/লিভ-১৬/৮৪/৯ নং ও ৩০-১২-২০১৩ ইং তারিখের ০৭.০০.০০০০.১৬১.০৭.০০.০০০.১৩-৩০১ নং স্মারক ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৫-১২-২০১৫ ইং তারিখের এস আর ও নং ৩৬৯-আইন/২০১৫ জাতীয় বেতন স্কেল/২০১৫ এর বিধি ১০(৩) উপ-অনুচ্ছেদ (২) আদেশ মোতাবেক এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা, মহোদয়ের ১৪-০১-২০১৬ খ্রিঃ তারিখের ১২.০১.০০০০.৩৬.১২.০২৪.২০১৫/৪৪৪/১(১২৩৭) স্মারকের প্রশাসনিক ক্ষমতাবলে উপজেলা কৃষি অফিস, মিরপুর, কুষ্টিয়া এর (পি,আর,এল ভোগরত) সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, জনাব মোঃ শাহজাহান আলী, পি,আর,এল বাদে তাঁর অবশিষ্ট ছুটির বিনিময়ে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুন্ট হিসাবে উত্তোলনের মঞ্জুরী প্রদান করা হলো।

এই অর্থ তার চাকুরীরত অবস্থায় গৃহীত সর্বশেষ মাসের মূল বেতন হারে প্রদেয়।

বিনয় কৃষ্ণ দেবনাথ  
উপপরিচালক।

কমিশনার ঢাকা বিভাগ এর কার্যালয়  
(রাজস্ব শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ২২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/ ০৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪১.৩০০০.০০৯.১৮.০০২.১৮-৯৪—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/পদায়ন করা হলো :

ক্রমিক নং (১)	কর্মকর্তার নাম, ও পরিচিতি নং, পদবি ও বর্তমান কর্মস্থল (২)	বদলি/পদায়নকৃত কর্মস্থল (৩)
০১	মোছাঃ ইশরাত জাহান পরিচিতি নং- ১৭২১৮ সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমিশনার, ঢাকা বিভাগের কার্যালয়ে যোগদানকৃত। নিজ জেলা : ঝিনাইদহ	উপজেলা ভূমি অফিস, আলফাডাঙ্গা, ফরিদপুর।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট  
সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৯.১৮.১২৭—সিলেট বিভাগে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো।

ক্রমিক	কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর	নিজ জেলা	স্পাউসের জেলা	পদবি ও বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
০১	বেগম সৈয়দা শমসাদ বেগম (১৭৫৫০)	কুমিল্লা	কুমিল্লা	সহকারী কমিশনার (ভূমি) লাখাই, হবিগঞ্জ	দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ

২। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩ (৩) ধারামতে বর্ণিত কর্মকর্তাকে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম  
কমিশনার।

২। বদলি/পদায়সকৃত সহকারী কমিশনার (ভূমি)-কে জনবান্ধব ভূমি অফিসে ১৫ (পনের) দিন সংযুক্ত রেখে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য জেলা প্রশাসক, ফরিদপুরকে অনুরোধ করতঃ অদ্য ০৪-০২-২০১৮ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোঃ নুরুন্নবী  
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম  
আদেশাবলী

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০০৭.১৭-৭৩৪—নিম্নবর্ণিত খাদ্য পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি পূর্বক পদায়ন করা হলো।

- (১) জনাব আবুল মনসুর মোঃ হাবীব, খাদ্য পরিদর্শক (চঃদাঃ), উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আনোয়ারা সংযুক্তিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা রাউজান এলএসডি, চট্টগ্রাম—উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আনোয়ারা, চট্টগ্রাম।
- (২) জনাব তিমির কুমার দে, খাদ্য পরিদর্শক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম—খাদ্য পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা রাউজান এলএসডি, চট্টগ্রাম।

অত্র আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০০৭.১৭-৪৪৫—নিম্নবর্ণিত খাদ্য পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি পূর্বক পদায়ন করা হলো।

- (১) জনাব মোহাম্মদ শাখাওয়াত হোসেন, খাদ্য পরিদর্শক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া এলএসডি, কুমিল্লা—জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা এর অধীনে খাদ্য পরিদর্শকের শূন্য পদে বিস্তারিত পদায়নের জন্য।
- (২) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, খাদ্য পরিদর্শক, মাধাইয়া টিপি, চান্দিনা সংযুক্তিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সদর দক্ষিণ, কুমিল্লা—খাদ্য পরিদর্শক তথ্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া এলএসডি, কুমিল্লা।

অত্র আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মাহবুবুর রহমান  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক।

বিভাগীয় কমিশনারের কার্যালয়  
রাজশাহী বিভাগ, রাজশাহী  
মাঠ প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.১৮.১৯৭—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০১-২০১৮ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০২.১৮-২৮ নং ও ১৭-০১-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০২.১৮-৩৬ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে এবং জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এর ০৭-০২-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৭৬০০.০০৯.৩১.১০৪.১৮-১১৯ নং ও জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর ০৭-০২-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৭৬০০.০০৯.৩১.১০৪.১৮-১১৯ নং অফিসের আদেশে অবমুক্ত হয়ে এ কার্যালয়ে যোগদানকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন করা হলো :

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা	বর্তমান কর্মস্থল	পদায়নকৃত কর্মস্থল
১.	জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন (১৬৬৫৫) নিজ জেলা-কুড়িগ্রাম স্পাউসের জেলা-পাবনা	উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে যোগদানকৃত। পূর্ববর্তী কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সাপাহার, নওগাঁ
২.	জনাব কল্যাণ চৌধুরী (১৭০০৩) নিজ জেলা-মানিকগঞ্জ স্পাউসের জেলা-সিরাজগঞ্জ	উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে যোগদানকৃত। পূর্ববর্তী কর্মস্থল: জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

২। পদায়িত কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। পদায়নকৃত কর্মকর্তাগণকে ১১-০২-২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো। উল্লেখ্য, তারা এ কার্যালয় থেকে কোন বেতন-ভাতা গ্রহণ করেননি।

৪। জনস্বার্থে জারীকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নূর-উর-রহমান  
বিভাগীয় কমিশনার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়  
রংপুর বিভাগ, রংপুর  
রাজস্ব শাখা

অফিস আদেশ

তারিখ : ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/ ০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৭.০০০০.০০৮.০১.০৯৯.১৭-১২৭—ভূমি মন্ত্রণালয়, অধিশাখা-২ এর ৩০-০৮-২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৯.১৭-৬৫৯ নং প্রজ্ঞাপন মূলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রংপুর বিভাগ, রংপুরে ন্যস্ত করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের বিপরীতে উল্লিখিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করা হলো।

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর	নিজ জেলা	পদায়নকৃত কর্মস্থল	সংযুক্তিকর্মস্থল (প্রশিক্ষণের জন্য)
১	জনাব সঞ্জয় কুমার মহন্ত (পরিচিতি নং-১৭৫৪৪)	নওগাঁ	উপজেলা ভূমি অফিস সাদুল্লাপুর, গাইবান্ধা	উপজেলা ভূমি অফিস গাইবান্ধা সদর, গাইবান্ধা

২। প্রশিক্ষণের নিমিত্ত বর্ণিত কর্মকর্তাকে ১৫ দিনের জন্য তার নামের পার্শ্বে উল্লিখিত দপ্তরে সংযুক্তি প্রদান করা হলো। প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক তার প্রশিক্ষণের বিষয়ে মূল্যায়ন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করবেন।

৩। বর্ণিত কর্মকর্তাকে স্ব অধিক্ষেত্রে রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সালের পিডিআর এ্যাক্টের ৩(৩) মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

কাজী হাসান আহমেদ  
বিভাগীয় কমিশনার।

রংপুর বিভাগ, রংপুর  
সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/ ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৮-৮৬—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন/বদলি করা হলো:

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবি	নিজ জেলা	বদলিকৃত পদ ও কর্মস্থল
১	জনাব সানজিদা সুলতানা (১৭৭৪৯) সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।	রাজবাড়ী	সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
২	জনাব মোঃ সোহরাব হোসেন (১৭৭৫০) সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।	পাবনা	সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

২। এ কার্যালয়ের ২১-০১-২০১৮ তারিখের ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৮-৩৫/১(৩০) নং প্রজ্ঞাপনে জনাব মোঃ সোহরাব হোসেন (১৭৭৫০)-কে সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম বদলি আদেশের সংশ্লিষ্ট অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কাজী হাসান আহমেদ  
বিভাগীয় কমিশনার।

কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-রাজশাহী

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২ই-৩/২০১৭-২০১৮/১০৫২—জাতীয় রাজস্ব বোর্ডের ১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১৯.১৯.০০৫.০৫/৬৮ নং প্রজ্ঞাপনের আলোকে এই অঞ্চলের উপ কর কমিশনার জনাব মোঃ কাওসার আলীকে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকায় বদলী/পদায়ন করায় তাঁহাকে উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-২০ নাটোর এর দায়িত্ব ও সার্কেল-২১ (সিংড়া) নাটোর এর অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল এবং তাঁহাকে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

ড. খন্দকার মোঃ ফেরদৌস আলম  
কর কমিশনার।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অফিস আদেশ

তারিখ : ০৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/ ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৮.০৪.০০০০.০০৬.১৯.১১৬.১৮-৩৯১—৩৫তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২৫-০৫-২০১৭ খ্রিঃ তারিখের ৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১(অংশ)/১৭৪ নং পত্রের সুপারিশের প্রেক্ষিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১১-১২-২০১৭ খ্রিঃ তারিখের নং ০৮.০০.০০০০.০৪১.১১.০০৪.১৭.৩৭৩/১(১৭) প্রজ্ঞাপনের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ২৬-১২-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে যোগদান করেন। এর ধারাবাহিকতায় স্মারক নং ০৮.০০.০০০০.০৪১.১৪.০১১.৯৭.১৩/১(৪), তারিখ: ১৮-০১-২০১৮ মোতাবেক জাতীয় সঞ্চয় অধিদপ্তরে যোগদানকৃত নিম্নবর্ণিত সহকারী পরিচালকগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ শেষে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

ক্র/নং	কর্মকর্তার নাম	পদবি	পদায়নকৃত কর্মস্থল
১	জনাব মোঃ আমান উল্লাহ	সহকারী পরিচালক	জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, কিশোরগঞ্জ।
২	জনাব আব্দুল্লাহ আল মামুন	সহকারী পরিচালক	জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৩	জনাব কে.এম. রাজিবুল হাসান	সহকারী পরিচালক	জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ফরিদপুর
৪	জনাব পুতুল বিশ্বাস	সহকারী পরিচালক	জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, উত্তরা, ঢাকা।

২। উল্লিখিত কর্মকর্তাগণকে পদায়নকৃত স্ব-স্ব কর্মস্থলে যোগদানের নিমিত্ত অদ্য ১৮-০২-২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্নে কার্যব্যহতি প্রদান করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তাগণকে যোগদানের পর হতে অদ্যবধি কোন বেতন ভাতা প্রদান করা হয়নি। তাঁরা অভ্যন্তরীণ সম্পদ বিভাগে যোগদানের তারিখ হতে অর্থাৎ ২৬-১২-২০১৭ খ্রিঃ হতে বেতন, ভাতাদি (বদলী জনিত ভ্রমণ ভাতাসহ) প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সামছুন্নাহার বেগম  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

দুর্নীতি দমন কমিশনের গোয়েন্দা ইউনিট গঠন সংক্রান্ত কার্যনির্দেশিকা

নং দুদক/প্রশাঃ ও লজিঃ/৩১/২০১৭/৬৪৮৮—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর উদ্দেশ্য পূরণকল্পে কার্যকরভাবে দুর্নীতি দমন ও প্রতিরোধের নিমিত্ত বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের দুর্নীতি সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা আবশ্যিক। বস্তুত, প্রকাশ্য উপায়ে এসকল তথ্যাদি সংগ্রহ করা কষ্টসাধ্য বিধায় গোপনীয়তা বজায় রেখে গোয়েন্দা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত এই কার্যনির্দেশিকা প্রণয়ন করা হলো :

(১) উদ্দেশ্য:

দুর্নীতি সংক্রান্ত গোয়েন্দা তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং উপস্থাপন করা

(২) গোয়েন্দা ইউনিটের কার্যাবলী :

ক) গোয়েন্দা তথ্য সংগ্রহ

খ) প্রাপ্ত গোয়েন্দা তথ্যের সঠিকতা ও কমিশনের ব্যবহারে উপযোগিতা নির্ধারণ

গ) যথাযথ কর্তৃপক্ষের নিকট বিশ্লেষণ প্রতিবেদন দাখিল

(৩) গোয়েন্দা ইউনিটের কর্মপরিধি :

ক) দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর তফসিলভুক্ত অপরাধসমূহ

খ) সমগ্র দেশ এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের স্থাপনাসমূহ

(৪) রিপোর্ট করার প্রক্রিয়া :

একেকজন উপপরিচালকের নেতৃত্বে একটি করে টিম গঠন করে গোয়েন্দা তথ্য সংগ্রহের দায়িত্ব প্রদান করা হবে। দায়িত্বপ্রাপ্ত টিমের দলনেতার নেতৃত্বে টিমের সদস্যগণ নিজেরা বা সোর্স নিয়োগের মাধ্যমে গোয়েন্দা তথ্য সংগ্রহ করবেন। সংশ্লিষ্ট টিমের দলনেতা গোয়েন্দা তথ্যপ্রাপ্তির পরবর্তী কার্যদিবস পূর্বাহ্নের মধ্যে বা বিশেষ প্রয়োজনে তাৎক্ষণিকভাবে সরাসরি সংশ্লিষ্ট পরিচালকের নিকট প্রতিবেদন দিবেন। পরিচালক তাঁর মতামতসহ প্রতিবেদন সাপ্তাহিক ভিত্তিতে বা বিশেষ প্রয়োজনে তাৎক্ষণিকভাবে সরাসরিভাবে চেয়ারম্যানের নিকট উপস্থাপন করবেন। উক্ত মতামত কমিশনের পরবর্তী সভায় কমিশনের অবগতির জন্য উপস্থাপন করা হবে।

(৫) তথ্য অনুসন্ধানের ক্ষেত্র নির্বাচন :

ক) দুদক অভিযোগকেন্দ্রে (১০৬) ফোনের মাধ্যমে আসা তথ্যাদি বিশ্লেষণপূর্বক গোয়েন্দা কার্যক্রম পরিচালনার ক্ষেত্র নির্বাচন।

খ) বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত/প্রচারিত/পরিবেশিত হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ক্ষেত্র নির্বাচন।

গ) গোয়েন্দা ইউনিটে নিয়োজিত নিজস্ব কর্মকর্তা-কর্মচারী প্রদত্ত তথ্যাদি।

ঘ) অন্য কোন প্রতিষ্ঠান বা এজেন্সি থেকে প্রাপ্ত তথ্যাদি।

ঙ) সোশাল মিডিয়া, দাপ্তরিক রেকর্ড, বিভিন্ন দপ্তরের প্রতিবেদন, জাতীয় বা আন্তর্জাতিক জার্নাল ও পত্রিকা ইত্যাদি।

চ) অনুসন্ধান ও তদন্তকালে প্রাপ্ত তথ্যাদি।

ছ) গোয়েন্দা ইউনিটের বাইরে কমিশনের অন্য কোন কর্মকর্তা-কর্মচারী কিংবা কমিশনের বাইরে অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্যাদি।

(৬) গোয়েন্দা ইউনিটের তথ্যাদির গোপনীয়তা ও কর্মকর্তাদের নিরাপত্তা নিশ্চিতকরণ :

এ ইউনিটে সংগৃহীত, বিশ্লেষিত এবং উপস্থাপিত তথ্যাদির বিষয়ে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করা হবে। পাশাপাশি ইউনিটে কর্মরত কর্মকর্তাদের নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হবে। গোয়েন্দা ইউনিটের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রয়োজনে অস্ত্র চালনার প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা এবং প্রশিক্ষণ শেষে ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিতকরণের স্বার্থে প্রয়োজন অনুযায়ী তাদের অস্ত্র প্রদান করা হবে।

(৭) প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্টের ব্যবস্থা :

ক) কর্মকর্তাদের গোয়েন্দা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সার্বক্ষণিক প্রয়োজনীয় যানবাহন, ওয়াকি টকি, মোবাইল হ্যান্ডসেট, স্পাই ক্যামেরা, ভয়েস রেকর্ডার, ক্যামকর্ডার, কম্পিউটার ও ল্যাপটপসহ অন্যান্য লজিস্টিকস সাপোর্টের ব্যবস্থা করা হবে।

খ) ওয়াচার/কনস্টেবলগণের গতিবিধি নজরদারির আওতায় আনার জন্য জিপিএস ট্র্যাকারের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৮) দেশ ও বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা :

প্রস্তাবিত গোয়েন্দা ইউনিটের কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গোয়েন্দা কার্যক্রম বিষয়ে দেশি-বিদেশি সংস্থায় স্বল্প এবং দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৯) তাৎক্ষণিক অর্থসংস্থান :

ক) তাৎক্ষণিকভাবে ব্যয় নির্বাহের জন্য পরিচালকের তত্ত্বাবধানে একটি সোর্স মানি ফাণ্ড থাকবে, যা “গোয়েন্দা কার্যাবলী সংক্রান্ত খাত” নামে পরিচিত হবে।

খ) উক্ত খাত হতে অর্থ পরিচালকের স্বীয় বিবেচনার ভিত্তিতে ব্যয়িত হবে।

গ) গোয়েন্দা কার্যাবলী সংক্রান্ত খাতের ব্যয় সুষ্ঠুরূপে লিপিবদ্ধ করার নিমিত্ত একটি রেজিস্টার থাকবে, যা তাৎক্ষণিকভাবে কমিশনের চেয়ারম্যান কর্তৃক পরীক্ষাযোগ্য হবে।

ঘ) এ ইউনিট ব্যতীত কমিশনের অন্য কোন কর্মকর্তা-কর্মচারী কর্তৃক সোর্স প্রদানের ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিচালক তাদেরকে উক্ত খাত হতে অর্থসংস্থান করা যাবে।

ঙ) তবে ১০ (গ), ১০(ঘ) দফা কমিশনের পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

(১০) স্বয়ংসম্পূর্ণ ও সংরক্ষিত কর্ম-এলাকা ও সংরক্ষণাগার :

ক) দুদকের গোয়েন্দা ইউনিট হবে একটি সম্পূর্ণ স্বয়ংসম্পূর্ণ ইউনিট, যেখানে প্রবেশাধিকার সংরক্ষিত থাকবে এবং গোয়েন্দা কার্যক্রম পরিচালনার জন্য ইউনিটের একটি স্বতন্ত্র কর্ম-এলাকা থাকবে।

খ) সুষ্ঠুভাবে গোয়েন্দা কার্যক্রম পরিচালনার নিমিত্ত বরাদ্দকৃত ল্যাপটপ, কম্পিউটার, ভয়েস রেকর্ডার, স্পাই ক্যামেরাসহ যাবতীয় সরঞ্জাম সুরক্ষিত থাকবে।

গ) সংগৃহীত, বিশ্লেষিত ও উপস্থাপিত তথ্যাদিসহ সকল আলামত ডিজিটাল সংরক্ষণের জন্য একটি Digitally Record Management System থাকবে।

(১১) বিভিন্ন ইন্টেলিজেন্স ইউনিটের সাথে তথ্য আদান-প্রদান :

দুর্নীতির অপরাধ সংক্রান্ত তথ্য সংগ্রহের লক্ষ্যে গোয়েন্দা কার্যক্রম পরিচালনার নিমিত্ত কমিশন দেশে-বিদেশে অন্যান্য গোয়েন্দা সংস্থার সাথে তথ্য আদান-প্রদান সমঝোতা স্মারক প্রণয়ন করতে পারবে।

(১২) প্রাপ্ত গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ :

গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কোন অনুসন্ধান/তদন্ত/প্রশাসনিক কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে “দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭” বা “দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) বিধিমালা, ২০০৮” যেটি প্রযোজ্য অনুসরণ করতে হবে।

(১৩) বিশেষ বিধান :

ক) কোন বিশেষ বিষয় বা প্রতিষ্ঠানে গোয়েন্দা কার্যক্রম পরিচালনার জন্য ইউনিটের পরিচালক অন্যান্য সহকারী পরিচালকের নেতৃত্বে টিম গঠন করতে পারবে।

খ) কমিশনের চেয়ারম্যানের অনুমোদনক্রমে ও সংশ্লিষ্ট অনুবিভাগের মহাপরিচালকের সম্মতিতে প্রয়োজনে এ ইউনিটের বাইরে অন্য কোন অনুবিভাগের কর্মকর্তাদের গোয়েন্দা কার্যক্রমে নিয়োজিত করা হবে।

গ) কমিশনের অন্য কোন অনুবিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ স্বতঃপ্রণোদিত হয়ে গোয়েন্দা তথ্য প্রদান করতে পারবে।

(১৪) কমিশনের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

ড. মোঃ শামসুল আরেফিন  
সচিব।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

প্রজ্ঞাপন

তারিখ : ৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২য়/ইটি-৭(১)/বদলী/সিঃকমিঃ/২০০১/৫৯৩—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে বদলি/পদস্থ করা হলো।

- (১) জনাব মোঃ পায়েল পাশা, উপ-কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট—আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট, অতিরিক্ত দায়িত্ব, সদর দপ্তর, সিলেট।
- (২) জনাব মোঃ আহসান উল্লাহ, সহকারী কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ—সদর দপ্তর, সিলেট, অতিরিক্ত দায়িত্ব, বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট এবং আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ শফিকুল ইসলাম  
কমিশনার।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়  
বরিশাল গণপূর্ত সার্কেল, বরিশাল

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/ ৩০ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২৫.৩৬.০৬০০.১১০.১০.১৫৮.৯১-১৬৬৭—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় স্মারক নং ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৩-১৫২২ তারিখ-০৩-১১-২০১৬ এর নির্দেশনা মোতাবেক অত্র সার্কেলের আওতাধীন পিরোজপুর গণপূর্ত বিভাগে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), জনাব মোঃ মনিরুল হক The Public Servants (Retirement) (Amendment) Ordinance 2011 এর অনুচ্ছেদ-৪ অনুযায়ী ৩১-১২-২০১৭ তারিখ থেকে সরকারি চাকুরী হতে অবসর প্রদান করা হলো এবং ০১-০১-২০১৮ হতে ৩১-১২-২০১৮ তারিখ পর্যন্ত অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

কাজী মোহাম্মদ আবু হানিফ  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী।

কারিগরি শিক্ষা অধিদপ্তর

অফিস আদেশ

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৬(ন-৩২,পার্ট-৪)/৯৫—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল), জনাব মোঃ আজিজুল হক এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ ২৪-০২-১৯৫৯ হওয়ায় আগামী ২৩-০২-২০১৮ খ্রিঃ তারিখে তার বয়স ৫৯ বছর পূর্ণ হবে। Public Servants (Retirement) (Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/

চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ২৩-০২-২০১৮ তারিখে তার অবসর গমন কার্যকর হবে। সে মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে তার অবসর গমন, পিআরএল ও লাম্পসুয়ান্ট মঞ্জুরীর প্রস্তাব পাওয়া গিয়েছে।

২। ছুটির হিসাব অনুযায়ী তার অনুকূলে পূর্ণগড় বেতনে ৫৯৯ দিন এবং অর্ধগড় বেতনে ৯৩৯ দিন ছুটি পাওনা আছে। অর্ধগড় বেতনে জমাকৃত ৯৩৯ দিনের ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করা হলে (৯৩৯÷২)=৪৬৯ দিন হয়। উভয় ছুটি একত্র করা পূর্ণগড় বেতনে তার অর্জিত ছুটির পরিমাণ হয় সর্বমোট (৫৯৯+৪৬৯)=১০৬৮ দিন বা ২ বছর ১১ মাস ০৮ দিন।

৩। ইএলপিসি মোতাবেক তার মূল বেতন ৪৩,১৭০/-টাকা। তার অনুকূলে ১৮ মাসের অধিক ছুটি জমা থাকায় এককালীন আর্থিক সুবিধা (লাম্পসুয়ান্ট) বাবদ সর্বমোট(৪৩,১৭০×১৮ মাস)= ৭,৭৭,০৬০/- (সাত লক্ষ সাতাত্তর হাজার ষাট) টাকা প্রাপ্য।

৪। এমতাবস্থায়, জনাব মোঃ আজিজুল হককে ২৩-০২-২০১৮ খ্রিঃ তারিখের অবসর গমনের অনুমতিসহ ২৪-০২-২০১৮ তারিখ হতে ২৩-০২-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসরোত্তর ছুটি (পিআরএল) ও ১৮ মাসের লাম্পসুয়ান্ট বাবদ ৭,৭৭,০৬০/- (সাত লক্ষ সাতাত্তর হাজার ষাট) টাকা মঞ্জুর করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মনজুরুল কাদের

যুগ্ম সচিব

ও

পরিচালক (প্রশাসন)।

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/ ০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৫৮.০১.০০০০.১০১.১৯.০০৫.১৮-২৫৩—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে জনস্বার্থে বদলি/সংযুক্ত করা হলো:

- (১) জনাব মোঃ সাঈদুল ইসলাম, উপপরিচালক, প্রধান কার্যালয়, ঢাকা (সংযুক্ত-এমআরপি ও এমআরভি প্রকল্প, ঢাকা)—প্রধান কার্যালয়, ঢাকা (সংযুক্ত-আঞ্চলিক পাসপোর্ট অফিস, যাত্রাবাড়ী, ঢাকা)।
- (২) জনাব মোঃ হাফিজুর রহমান, সহকারী পরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (সংযুক্ত-প্রশাসন শাখা, প্রধান কার্যালয়, ঢাকা)—ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (সংযুক্ত-প্রশিক্ষণ ও পরিকল্পনা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা)।
- (৩) জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, উত্তরা ঢাকা (সংযুক্ত-প্রশিক্ষণ ও পরিকল্পনা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা)—আঞ্চলিক পাসপোর্ট অফিস, উত্তরা, ঢাকা (সংযুক্ত-বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা)।

- (৪) জনাব উম্মে কুলসুম, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নেত্রকোণা (সংযুক্ত-বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা)—আঞ্চলিক পাসপোর্ট অফিস, নেত্রকোণা (সংযুক্ত-ডাটা কারেকশন মডিউল, প্রধান কার্যালয়, ঢাকা)।
- (৫) জনাব আশিষ কুমার দাস, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী (সংযুক্ত-আঞ্চলিক পাসপোর্ট অফিস, যাত্রাবাড়ী, ঢাকা)—আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁপাইনবাবগঞ্জ।
- (৬) জনাব মোঃ সাকাওয়াত হোসাইন, উপসহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা (সংযুক্ত-আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁপাইনবাবগঞ্জ)—বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ঢাকা (সংযুক্ত-প্রশিক্ষণ ও পরিকল্পনা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা)।

- (৭) জনাব মোঃ আব্দুল মোতালেব সরকার, উপসহকারী পরিচালক (চঃদাঃ), বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, বরিশাল (সংযুক্ত-প্রশিক্ষণ ও পরিকল্পনা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা)—আঞ্চলিক পাসপোর্ট অফিস, বিনাইদহ (সংযুক্ত-আঞ্চলিক পাসপোর্ট অফিস, দিনাজপুর)।

২। বর্ণিত কর্মকর্তাগণের পূর্বের সংযুক্তির আদেশ এতদ্বারা বাতিল হলো।

৩। উল্লিখিত কর্মকর্তাগণ পদস্থ কর্মস্থল হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মেজর জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান, পিএসসি  
মহাপরিচালক।

পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী

অফিস আদেশ

তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৫/২০১৮—নোয়াখালী জেলায় কর্মরত নিম্নের ছকে বর্ণিত পুলিশ পরিদর্শকদ্বয়কে তাদের নামের পার্শ্বে লিখিত কর্মস্থলে পুণরাদেশ না দেয়া পর্যন্ত বদলি/পদায়ন করা হ'ল :

ক্রমিক নং	নাম, পদবি ও বর্তমান কর্মস্থল	বদলিকৃত/পদায়নকৃত নতুন কর্মস্থল, পদবি	মন্তব্য
১	জনাব মোঃ ইসমাইল মিয়া, বিপি-৬৫৮৯০৮৩৪১১ নিরস্ত্র পুলিশ পরিদর্শক, অফিসার ইনচার্জ, সোনাইমুড়ী থানা, নোয়াখালী।	লাইন ও.আর., পুলিশ লাইন্স, নোয়াখালী	জনস্বার্থে
২	জনাব মোঃ নাসিম উদ্দিন, বিপি-৬৮৯৩০৩২৩১৭ নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও.আর., পুলিশ লাইন্স, নোয়াখালী।	অফিসার ইনচার্জ, সোনাইমুড়ী থানা, নোয়াখালী।	জনস্বার্থে

জারীকৃত এ' আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ ইলিয়াছ শরীফ, বিপিএম-সেবা, পিপিএম-সেবা  
পুলিশ সুপার।

বরিশাল মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স

অফিস আদেশ

তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং বিএমপি(প্রশাঃ)/২০১৮/৬৪৫—বরিশাল মেট্রোপলিটন পুলিশের প্রাক্তন আরআই জনাব মোঃ তানসেন হোসেন খাঁন এর চাকরিকাল ৩১-১২-২০১৭ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হওয়ায় এবং তাহার বিরুদ্ধে অভিযোগ মূলতবী থাকায় ০১-০১-২০১৮ তারিখ হতে পেনশন সুবিধাদি ছাড়াই পিআরএল (PRL) ছুটি মঞ্জুর করা হয়। পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং দ:শু:/৯৫-২০১৭/৮৬ তাং ২৭-০১-২০১৮ মোতাবেক তাহার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করায় তিনি পেনশন সুবিধাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

এস এম রুহুল আমিন  
পুলিশ কমিশনার।

ডিআইজি, নৌ পুলিশের কার্যালয়  
বিজ্ঞপ্তি

তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৩/২০১৮ খ্রিঃ—নৌ পুলিশ ইউনিটের নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার (বিপি-৬২৮২০৪২৮৩৪) কে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-জিএ/১৭-২০১৭(ইস)/৫৮৭ তারিখ-১৫-০২-২০১৮ খ্রিঃ মোতাবেক গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর ৯(১) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০ (অংশ-৩)/৬২ তারিখ-০৬-০৪-২০১০ খ্রিঃ অনুসারে আবেদন অনুযায়ী ১৫-০২-২০১৮ খ্রিঃ তারিখে ঐচ্ছিক অবসর এবং ১৬-০২-২০১৮ খ্রিঃ হইতে ০১(এক) বৎসর অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করিয়াছেন।

উক্ত পুলিশ পরিদর্শককে শারীরিক অসুস্থতার কারণে অনুপস্থিতকাল (২৪-০৯-২০১৬ খ্রিঃ হইতে ০৮-১০-২০১৭ খ্রিঃ পর্যন্ত) মোট ৩৭৯ (তিনশত উনআশি) দিন এর মধ্যে ২৮৫ (দুইশত পঁচাত্তর) দিন গড় বেতনে অর্জিত ছুটি এবং ৯৪ (চুরানব্বই) দিন বিনা বেতনে ছুটি মঞ্জুর করিয়াছেন।

তিনি প্রচলিত বিধি মোতাবেক অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হইবেন।

শেখ মুহম্মদ মারুফ হাসান, বিপিএম, পিপিএম  
ডিআইজি।



পুলিশ সুপারের কার্যালয়, রাজবাড়ী

অফিস আদেশ

তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ১২০/(৩০)/সি—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত ইউনিটে জনস্বার্থে বদলি করা হলো:

- (১) জনাব সৈয়দ সাজেদুর রহমান (বিপি-৬৮৯৩০৯৪৮৯৩) ইনচার্জ, মৃগী পুলিশ তদন্ত কেন্দ্র, কালুখালী থানা, রাজবাড়ী—ইনচার্জ, বাহাদুরপুর পুলিশ তদন্ত কেন্দ্র, পাংশা থানা, রাজবাড়ী।
- (২) জনাব মোঃ ওবাহদুর রহমান (বিপি-৭৮০৬১১৫০৮৭), ইনচার্জ, বাহাদুরপুর পুলিশ তদন্ত কেন্দ্র, পাংশা থানা, রাজবাড়ী—ইনচার্জ, মৃগী পুলিশ তদন্ত কেন্দ্র, কালুখালী থানা, রাজবাড়ী।
- (৩) জনাব মোহাম্মদ গোলাম রব্বানী (বিপি নং-৬৮৯৫০৭৪৪৭৪), ইনচার্জ, সদর পুলিশ ফাঁড়ি, রাজবাড়ী—কোর্ট পুলিশ পরিদর্শক, রাজবাড়ী।
- (৪) মোঃ সহিদুল ইসলাম (বিপি-৬১৮০০৮৪১৯২), কোর্ট পুলিশ পরিদর্শক, রাজবাড়ী—পুলিশ পরিদর্শক (তদন্ত), কালুখালী থানা, রাজবাড়ী।
- (৫) জনাব কাজী জিলুর রহমান মোস্তফা (বিপি-৭৭০৬০৯৮৪৪৮), পুলিশ পরিদর্শক, অপরাধ শাখা, এসপি অফিস, রাজবাড়ী—পুলিশ পরিদর্শক (ক্রাইম), সদর সার্কেল অফিস, রাজবাড়ী।
- (৬) জনাব মোহাম্মদ আবুল কালাম ভূঞা (বিপি-৮১০৬০৯৯৪৭৭), ইনচার্জ, খানখানাপুর পুলিশ তদন্ত কেন্দ্র, রাজবাড়ী থানা, রাজবাড়ী—পুলিশ পরিদর্শক, অপরাধ শাখা, এসপি অফিস, রাজবাড়ী।
- (৭) জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম (বিপি-৭৩৯২০৩৭৮৯৭), পুলিশ পরিদর্শক (তদন্ত), কালুখালী থানা, রাজবাড়ী—ইনচার্জ, খানখানাপুর পুলিশ তদন্ত কেন্দ্র, রাজবাড়ী।
- (৮) জনাব মোঃ জিয়ারুল ইসলাম (বিপি নং-৮২০৮১২০৮০৫), পুলিশ পরিদর্শক (ক্রাইম), সদর সার্কেল অফিস, রাজবাড়ী—পুলিশ পরিদর্শক (তদন্ত), বালিয়াকান্দি থানা, রাজবাড়ী।

(৯) জনাব মোঃ আমিনুল ইসলাম (বিপি-৭৯০৬১১৫৩৩৩), পুলিশ পরিদর্শক (তদন্ত), বালিয়াকান্দি থানা, রাজবাড়ী—ইনচার্জ, সদর পুলিশ ফাঁড়ি, রাজবাড়ী থানা, রাজবাড়ী।

(১০) জনাব মোঃ সুলতান মাহমুদ (বিপি-৮১০৮১২০৮৬১), লাইন ওআর. রাজবাড়ী—পুলিশ পরিদর্শক (তদন্ত), পাংশা থানা, রাজবাড়ী।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সালমা বেগম, পিপিএম  
পুলিশ সুপার।

রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম।

আদেশাবলী

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৪/১৩ ফেব্রুয়ারি ২০১৮

নং প্রশা/০৩-২০১৭(অংশ)/৪৭২—চাঁদপুর জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মোস্তফা কামাল (বিপি নং-৬৯৯৩০৫৮৩০৯) এর চট্টগ্রাম রেঞ্জ দপ্তর আদেশ নং-প্রশা/০৩-২০১৭/২১৬৪, তারিখ-১৭-১০-২০১৭ খ্রিঃ মূলে বান্দরবান পার্বত্য জেলায় জারীকৃত বদলির আদেশ বাতিল পূর্বক আবেদনক্রমে লক্ষ্মীপুর জেলায় বদলি করা হলো।

আবেদনক্রমে বদলি করা হয়েছে বিধায় তিনি কোন প্রকার যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৪/১৫ ফেব্রুয়ারি ২০১৮

নং প্রশা/০৬-২০১৭/৪৮৬—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/১৬-২০১৭(ইস)/৩৫২, তারিখ ২৯-০১-২০১৮খ্রিঃ মোতাবেক টাঙ্গাইল জেলা শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব মোঃ আজহারুল ইসলাম, (বিপি-৭৬৯৯০১০৮৮৯) বদলিসূত্রে ১০-০২-২০১৮ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে ব্রাহ্মণবাড়িয়া জেলায় বদলি করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

ড. এস এম মনির-উজ-জামান, পিপিএম, পিপিএম  
ডিআইজি।

খুলনা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০১৮

নং (কেএমপি-সংস্থাপন)/১৪২(বিবিধ)-১৮/৭০০/১(১১)/ই—গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর ৪ ধারা এবং অর্থ মন্ত্রণালয় স্মারক নম্বর-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/ ৬২, তারিখ: ০৬ এপ্রিল ২০১০ খ্রিঃ এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নলিখিত কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে অবসর ও অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	জন্ম তারিখ	অবসর ও অবসর উত্তর ছুটির তারিখ
১।	জনাব মোঃ আব্দুল মান্নান, বিপি-৫৯৭৮০১২২৭৫, সশস্ত্র পুলিশ পরিদর্শক (আরসিডি) কেএমপি, খুলনা।	০২-০৩-১৯৫৯ তারিখ	তার অবসর গ্রহণের তারিখ ০১-০৩-১৮ এবং ০২-০৩-১৮ হতে ০১-০৩-২০১৯ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে এক বছর অবসর-উত্তর ছুটি (পিআরএল)।

মোঃ হুমায়ুন কবির, পিপিএম  
পুলিশ কমিশনার।

বাংলাদেশ নির্বাচন কমিশন  
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, কুমিল্লা।

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.১০.১৯০০.০০০.৪১.০০১.১৮.৮৬—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর বিধি ৫(১) এর ক্ষমতাবলে আমি খোরশেদ আলম, জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা নির্বাচন কমিশন সচিবালয়ের ১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬ নং স্মারকমূলে নিম্নোক্ত ছকের ০২ নং কলামে বর্ণিত উপজেলার ০৩ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ০৪ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে এতদ্বারা রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	রিটার্নিং অফিসার
১	২	৩	৪
	বরুড়া, কুমিল্লা।	শিলমুড়ি দঃ, শিলমুড়ি উঃ ও খোশাবাস দক্ষিণ।	উপজেলা নির্বাচন অফিসার, বরুড়া, কুমিল্লা।

খোরশেদ আলম  
জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা।

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, হবিগঞ্জ।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৭.৩৬০০.০০০.৪১.০০১.১৭-৫৪—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর বিধি ১০ অনুযায়ী আমি মুহাম্মদ নাজিম উদ্দীন, জেলা নির্বাচন কর্মকর্তা, হবিগঞ্জ এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, নির্বাচন কমিশন সচিবালয়ের ১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬ এর আলোকে হবিগঞ্জ সদর উপজেলার রিচি ইউনিয়ন পরিষদের ০৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের উদ্দেশ্যে নিম্নলিখিত সময়সূচি ধার্য করিয়া প্রজ্ঞাপন জারি করিতেছি :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	০১ মার্চ ২০১৮	বৃহস্পতিবার
			১৭ ফাল্গুন ১৪২৪	
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	০৫ মার্চ ২০১৮	সোমবার
			২১ ফাল্গুন ১৪২৪	
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	১২ মার্চ ২০১৮	সোমবার
			২৮ ফাল্গুন ১৪২৪	
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	২৯ মার্চ ২০১৮	বৃহস্পতিবার
			১৫ চৈত্র ১৪২৪	

আমি আরও জানাইতেছি যে, আগামী ০১ মার্চ ২০১৮ তারিখ (বৃহস্পতিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত ইউনিয়ন পরিষদের ০৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনে অংশগ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হইতে সংশ্লিষ্ট ইউনিয়নের রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করা হইবে।

নং ১৭.০৭.৩৬০০.০০০.৪১.০০১.১৭-৫৫—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধিতে অর্পিত ক্ষমতাবলে আমি মুহাম্মদ নাজিম উদ্দীন, জেলা নির্বাচন কর্মকর্তা, হবিগঞ্জ, হবিগঞ্জ সদর উপজেলা রিচি ইউনিয়ন পরিষদের ০৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নে উল্লিখিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ প্রদান করে প্রজ্ঞাপন জারি করিলাম :

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়ন/ওয়ার্ডের নাম	রিটার্নিং অফিসারের নাম ও পদবি	মন্তব্য
১.	হবিগঞ্জ সদর	রিচি ইউনিয়ন ০৫ নং সাধারণ ওয়ার্ড।	তপন জ্যোতি অসীম উপজেলা নির্বাচন অফিসার হবিগঞ্জ, হবিগঞ্জ সদর।	

মুহাম্মদ নাজিম উদ্দীন  
জেলা নির্বাচন কর্মকর্তা।

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বরগুনা।

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৬.০৪০০.০০০.৪১.০০১.১৭-৬৮—যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা হতে প্রাপ্ত পত্র নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬ তারিখ ১৮-০২-২০১৮ মোতাবেক বরগুনা জেলাধীন তালতলী উপজেলার নির্বাচনযোগ্য শারিকখালী ইউনিয়নের সাধারণ নির্বাচন-২০১৮ আগামী ২৯ মার্চ ২০১৮ খ্রিঃ (বৃহস্পতিবার) তারিখ অনুষ্ঠিত হবে। সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ দুলাল তালুকদার, জেলা নির্বাচন অফিসার, বরগুনা, উক্ত ইউনিয়নে সাধারণ নির্বাচন পরিচালনার জন্য ৩ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে উল্লিখিত ইউনিয়নের জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম:

ক্রমিক নং	উপজেলার নাম	রিটার্নিং অফিসারের পদবি	নির্বাচন যোগ্য ইউনিয়ন পরিষদের নাম	যে পদে নির্বাচন হবে	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	তালতলী	উপজেলা নির্বাচন অফিসার তালতলী, বরগুনা।	১। শারিকখালী	চেয়ারম্যান, সংরক্ষিত সদস্য ও সাধারণ সদস্য পদে	

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

মোঃ দুলাল তালুকদার  
জেলা নির্বাচন অফিসার।

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, খাগড়াছড়ি, পার্বত্য জেলা।

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৪/১৮ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৩.৪৬০০.০০০.৪১.০৪৪.১২(১)-/২৫—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬, ০৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ ১৮ ফেব্রুয়ারি ২০১৮ স্মারক মূলে এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ বশির আহমেদ, জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলার দিঘীনালা উপজেলার (দিঘীনালা ও বাবুছড়া ইউনিয়ন পরিষদের) নিম্নোক্ত ছকের ০৩ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ০৪ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে এতদ্বারা রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	রিটার্নিং অফিসারের নাম ও পদবি	মন্তব্য
১	দিঘীনালা	দিঘীনালা, বাবুছড়া	জনাব রকর চাকমা, উপজেলা নির্বাচন অফিসার দিঘীনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।	

মোহাম্মদ বশির আহমেদ  
জেলা নির্বাচন অফিসার।

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৪/১৮ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৩.৪৬০০.০০০.৪১.০৪৪.১২(১)-/২৬—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬, ০৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ ১৮ ফেব্রুয়ারি ২০১৮ স্মারক মূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর বিধি ১০ এর পদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ বশির আহমেদ, জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলার দিঘীনালা উপজেলার দিঘীনালা ও বাবুছড়া ইউনিয়ন পরিষদ সমূহের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি।

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	%	০১ মার্চ ২০১৮ ১৭ ফাল্গুন ১৪২৪ (বৃহস্পতিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	%	০৫ মার্চ ২০১৮ ২১ ফাল্গুন ১৪২৪ (সোমবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	%	১২ মার্চ ২০১৮ ২৮ ফাল্গুন ১৪২৪ (সোমবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	%	২৯ মার্চ ২০১৮/ ১৫ চৈত্র ১৪২৪ (বৃহস্পতিবার)

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

মোহাম্মদ বশির আহমেদ  
জেলা নির্বাচন অফিসার।

বাংলাদেশ নির্বাচন কমিশন  
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৪/২০ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৩.৮৪০০.০০০.৪১.০০৭.১৬-৫০—নির্বাচন কমিশন সচিবালয়ের ২০ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৯ নং পত্রের নির্দেশনানুযায়ী এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর ৫ বিধিতে অর্পিত ক্ষমতাবলে আমি জিয়াউর রহমান খলিফা, জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা নিম্নে ৪ নং কলামে উল্লেখিত কর্মকর্তাকে ৩ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদের ওয়ার্ড/ওয়ার্ড সমূহের শূন্য আসনের সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য এতদ্বারা রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

রিটার্নিং অফিসারের তালিকা :

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	রিটার্নিং অফিসারের পদবি ও ঠিকানা
১	২	৩	৪
১	লংগদু	লংগদু ইউনিয়ন পরিষদের সাধারণ ওয়ার্ড নং-৮	উপজেলা নির্বাচন অফিসার, লংগদু, রাঙ্গামাটি
২	বরকল	ভূষণছাড়া ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ওয়ার্ড নং-১, ২, ৩, ৪ ও ৯	উপজেলা নির্বাচন অফিসার, বরকল, রাঙ্গামাটি

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৪/২০ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৩.৮৪০০.০০০.৪১.০০৭.১৬-৫১—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর বিধি ১০ অনুযায়ী ক্ষমতাবলে আমি জিয়াউর রহমান খলিফা, জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, ইউনিয়ন পরিষদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৯ নং পত্রের নির্দেশনানুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলার লংগদু ইউনিয়ন পরিষদের সাধারণ ওয়ার্ড নং-৮ এবং বরকল উপজেলার ভূষণছাড়া ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ওয়ার্ড নং-১, ২ ও সাধারণ ওয়ার্ড নং-১, ২, ৩, ৪ ও ৯ এর শূন্য আসনের সদস্য পদে উপ-নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচী ঘোষণা করিতেছি :

ক্রমিক নং	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	ঃ	০১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ	বৃহস্পতিবার
(ক)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখ	ঃ	১৭ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ	(রবিবার-সোমবার)
(খ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০৪-০৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ	সোমবার
(গ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	২০-২১ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ	সোমবার
(ঘ)		ঃ	১২ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ	বৃহস্পতিবার
		ঃ	২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ	বৃহস্পতিবার
		ঃ	২৯ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ	বৃহস্পতিবার
		ঃ	১৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ	বৃহস্পতিবার

জিয়াউর রহমান খলিফা  
জেলা নির্বাচন অফিসার।

সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, রংপুর।

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০১৮

নং ১৭.০৮.৮৫০০.০০০.৪১.০০৩.১৮-১০৬—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর ৫ বিধির ক্ষমতাবলে আমি জি. এম. সাহাতাব উদ্দিন, জেলা নির্বাচন অফিসার, রংপুর নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ১৮ ফেব্রুয়ারি ২০১৮/০৬ ফাল্গুন ১৪২৪ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২৬ নম্বর স্মারক মোতাবেক রংপুর জেলার পীরগাছা উপজেলার ইটাকুমারী ইউনিয়ন পরিষদের ৪নং সাধারণ ওয়ার্ড, কাউনিয়া উপজেলার বালাপাড়া ইউনিয়ন পরিষদের ১নং সাধারণ ওয়ার্ড ও শহীদবাগ ইউনিয়ন পরিষদের ২নং সাধারণ ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ৪নং কলামে উল্লেখিত শূন্য পদের জন্য ৫নং কলামে বর্ণিত অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	পদের নাম	রিটার্নিং অফিসারের নাম ও পদবি
১	২	৩	৪	৫
১	পীরগাছা	ইটাকুমারী	৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য	মোঃ আলী হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, পীরগাছা, রংপুর।
২	কাউনিয়া	বালাপাড়া	১নং সাধারণ ওয়ার্ডের সদস্য	মোঃ আব্দুছ হামাদ, উপজেলা নির্বাচন অফিসার, কাউনিয়া, রংপুর।
		শহীদবাগ	২নং সাধারণ ওয়ার্ডের সদস্য	

জি.এম. সাহাতাব উদ্দিন  
জেলা নির্বাচন অফিসার।

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ  
ভূমি অধিগ্রহণ শাখা

অধিগ্রহণ কেস নং-১০/২০১৫-২০১৬

ফরম ঘ

(৫নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[ ১১(২) ধারা মোতাবেক ]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে বর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং লুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমতি হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহার সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

জমির তফসিল

জেলা: চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ সদর,  
মৌজা: হরিরামপুর, জে,এল, নং: ১২।

আরএস খতিয়ান নং	আরএস দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
১	২	৩	৪
১৭৬	৩৩৩	০.২০	০.০১ (আংশিক)
২৯৯	৩৪০	০.৩৬	০.১৬ "
২৫৭	৩৪৩	০.১০	০.০৬ "
৩০২	৩৪৪	০.১৭	০.১৭ পূর্ণ
২৪৯	৩৪৫	০.৩৩	০.৩৩ "
১৪৮	৩৪৬	০.১৫	০.১৫ "
২১১	৩৪৭	০.৩৭	০.৩৭ "
৩০২	৩৪৮	০.৪৭	০.৪৭ "
২১১	৩৪৯	০.১৩	০.১৩ "
১৪৮	৩৫০	০.১০	০.১০ "
৮৯	৩৫১	০.৫৩	০.৫৩ "
৩৪৩	৩৫২	০.২২	০.২০ (আংশিক)
২৬৬	৩৫৩	০.১৭	০.০৫ "
১০৪	৩৫৪	০.১৭	০.০৫ "
২৯৮	৩৫৫	০.১৭	০.১৭ পূর্ণ
৩১১	৩৫৬	০.৩৩	০.৩৩ "
২৮১	৩৫৭	০.৫২	০.৫২ "
৩২১	৩৫৮	০.২৩	০.২৩ "
১৭৭	৩৫৯	০.২০	০.২০ "
১৭৬/১	৩৬০	১.০৮	১.০৮ "
১৩৮	৩৬১	০.৩২	০.৩২ "
২৮৮	৩৬২	০.৩১	০.৩১ "
৮৮	৩৬৩	০.২৩	০.২৩ "
৮৮	৩৬৪	০.২৪	০.২৪ "
৮৮	৩৬৫	০.১৩	০.১৩ "
৩৪	৩৬৬	০.৬৩	০.৬৩ "

১	২	৩	৪
৩৪	৩৬৭	০.১১	০.১১ "
২১৮	৩৬৮	০.৭৭	০.৭৭ "
২১৬	৩৬৯	১.৭৯	১.৭৯ "
২৪৯	৩৭০	০.৯৫	০.৯৫ "
১১৭	৩৭১	০.৭৪	০.৭৪ :
২৪৪	৩৭২	০.২২	০.২২ "
৩	৩৭৩	০.৬৫	০.৪২ (আংশিক)
২৪৪	৩৭৪	০.৪৪	০.৪৪ পূর্ণ
৩৯	৩৭৫	১.৫১	১.৫১ "
১০১	৩৭৬	০.২৩	০.২৩ "
৬৩	৩৭৭	০.২৪	০.২৪ "
৫৯	৩৭৮	০.১৪	০.১৪ "
২৭৬	৩৭৯	০.১৪	০.১৪ "
২০৮	৩৮০	০.৩৩	০.৩৩ "
২০৮	৩৮১	০.৫৫	০.৫৫ "
১০	৩৮২	০.০৫	০.০৫ "
১০	৩৮৩	০.০৫	০.০৫ "
১০	৩৮৪	০.১৯	০.১৯ "
১০	৩৮৫	০.১৮	০.১৮ "
২০৮	৩৮৬	০.৭৬	০.৭৬ "
১০	৩৮৭	০.৩২	০.৩২ "
১০	৩৮৮	০.২৯	০.২৯ "
৬	৩৮৯	০.৩৮	০.৩৮ "
৫৯	৩৯০	০.০৭	০.০৭ "
৮৭	৩৯১	০.০৮	০.০৮ "
২৪৫	৩৯২	০.৪৭	০.৪৭ "
১৪২	৩৯৩	০.৪৭	০.৪৭ "
২৪৫	৩৯৪	০.৩৪	০.৩৪ "
১৪২	৩৯৫	০.৭৭	০.৭৭ "
১১০	৩৯৬	০.৪০	০.৪০ "
১১০	৩৯৭	০.৪০	০.৪০ "
১১০	৩৯৮	০.৪৮	০.৪৮ "
১১০	৩৯৯	০.১৯	০.১৯ "
১৫৭	৪০০	০.১৪	০.১৪ "
১৫৭	৪০১	০.৬৫	০.৩৭ (আংশিক)
১৫৭	৪০২	০.৬২	০.৩৮ "
২১৮	৪০৩	০.৫২	০.৩২ "
১৫৭	৪০৪	০.১৩	০.১৩ "
২১৮	৪০৫	০.২৬	০.২৬ পূর্ণ
২৮৮	৪০৬	০.৭৭	০.৪৭ (আংশিক)
৩১৯	৪০৭	০.৯২	০.৫৮ "
২৮৮	৪০৮	০.২৫	০.২৫ পূর্ণ
৩১৯	৪০৯	০.৪০	০.৪০ "
২০২	৪৬৬	০.৯৬	০.০৬ (আংশিক)
		সর্বমোট=	২৫.০০ একর

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর এলএ শাখায়  
ভূমির নকশা দেখা যাইতে পারে।

আবু হায়াত মোঃ রহমতুল্লাহ  
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)।

অধিগ্রহণ কেস নং-৩ /২০১৬-২১১৭  
ফরম “ঘ”

(৫ নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা [১১(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন বর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সালের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতি পূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমতি হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

#### জমির তফসিল

জেলা: চাঁপাইনবাবগঞ্জ উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ সদর, মৌজা: দারিয়াপুর, জেএল নং: ৯৫।

খতিয়ান নম্বর	দাগ নম্বর	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
২১৪	৬৪৩ পূর্ণ	০.১০
৭৫০	৬৪৫ পূর্ণ	০.২১
১৭০/১	৬৪৬ পূর্ণ	০.০৮
৪০	৬৪৬/১৮৮১ পূর্ণ	০.০৫
৭৫৯	৬৪৭ পূর্ণ	০.১৩
৫৪৫,৫৬২,৭৩৫	৬৪৮ পূর্ণ	০.১০
২০২	৬৪৯ পূর্ণ	০.১২
৪৫০	৬৫০ পূর্ণ	০.৪৫
৩৮১	৬৫১ পূর্ণ	০.০৭
৫১৪	৬৫২ পূর্ণ	০.৩০
৯৪	৬৫৩ পূর্ণ	০.১০
৪৯৭	৬৫৪ পূর্ণ	০.০৮
২৫১	৬৫৫ পূর্ণ	০.১০
১১৪	৬৫৬ পূর্ণ	০.১৩
৩১২,৪৮২	৬৫৭ পূর্ণ	০.০৮
৭৫০	৬৫৮ পূর্ণ	০.১১
২৭৮	৬৫৯ পূর্ণ	০.১০
২২৯	৬৬০ পূর্ণ	০.১১
৩১২,৪৮২	৬৬১ পূর্ণ	০.১০
৫৩৪	৬৬২ পূর্ণ	০.২৬
৪৮২	৬৭৯ পূর্ণ	০.১৯
৪০৭	৬৭৮ পূর্ণ	০.০৯
৩৮৪	৬৭৭ পূর্ণ	০.০৮
৯৪,২৫১,৪৯৭	৬৭৬ পূর্ণ	০.১৭
৫৬	৬৭৫ পূর্ণ	০.৩১
২০৩	৬৬৬ পূর্ণ	০.৩০
৩১০	৬৬৩ পূর্ণ	০.৯
	মোট=	৪.০১ একর।

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর এলএ শাখায় ভূমি নকশা দেখা যাইতে পারে।

আবু হায়াত মোঃ রহমতুল্লাহ  
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।

ভূমি অধিগ্রহণ শাখা

অফিস আদেশ

তারিখ: ২৩ জানুয়ারি ২০১৮

নং ০৫.৪৪.৬৫০০.২০৫.০৪.০২৮.১৮-২৮(৫)—আমি মোঃ এমদাদুল হক চৌধুরী, জেলা প্রশাসক নড়াইল, মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জুন, ১৯৮৪ তারিখের সিডি/ডিএ-১/১২(৪)/৮৪-২২৩(৭০) নম্বর স্মারকের ক্ষমতাবলে নড়াইল কালেক্টরেটের সহকারী কমিশনার জনাব মোঃ নাহারুল ইসলাম (পরিচিতি নম্বর -১৮১৪০) কে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত ক্ষমতা অর্পণ করলাম:

১। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২ (অধ্যাদেশ, নং ২, ১৯৮২) এর ২(বি) ধারা অনুসারে জেলা প্রশাসকের পক্ষে দায়িত্ব সম্পাদন করার ক্ষমতা এবং উক্ত অধ্যাদেশের ৪৭ ও ৪৮ নং ধারার ক্ষমতা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ এমদাদুল হক চৌধুরী  
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।

এল,এ শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০১৮

নং ০৫.৪৪.০১০০.০১২.০৭.০১৯.১৮-১১৭—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা হতে সরবরাহকৃত ভূমি/ সম্পত্তির অধিগ্রহণ সংক্রান্ত অবকাঠামো এবং গাছপালার ক্ষতিপূরণ বাবদ ১৯,৭৩,৯০০/৫১ (উনিশ লক্ষ তেরাত্তর হাজার নয়শত টাকা একান্ন পয়সা) টাকার একটি এল, এ চেক(চেক নং ০১৫০২০ তারিখ: ২৯-০৮-২০১৭ খ্রি:) জনাব রেজাউল করিম খোকন, পিতা-মোঃ রাজ্জাক শেখ, গ্রাম- সোনাতুনিয়া, উপজেলা-রামপাল, জেলা-বাগেরহাট এর নামে ২৯-০৮-২০১৭ তারিখ ইস্যু করা হয়। বর্ণিত চেকটি ইস্যু করার পর জানা যায় যে, রামপাল উপজেলাধীন ৬১ নং সোনাতুনিয়া মৌজার এস,এ ৩১৭, ৩১৮, ৩১৯, ৩২২, ৩২৪, ৩২৫ নং দাগের জমি ও জমির উপর অবস্থিত অবকাঠামো এবং গাছপালা নিয়ে বিজ্ঞ দেওয়ানী আদালতে ৭৬/১৭ নং মামলা চলমান আছে। সে পরিপ্রেক্ষিতে জনাব রেজাউল করিম খোকন, পিতা- মোঃ রাজ্জাক শেখ, গ্রাম-সোনাতুনিয়া, উপজেলা রামপাল, জেলা-বাগেরহাট এর নামে ইস্যুকৃত চেক নং ০১৫০২০ তারিখ : ২৯-০৮-২০১৭ খ্রি: (মুড়িসহ) বাতিল করা হলো। বাতিলকৃত চেক দ্বারা সকল প্রকার সরকারি লেনদেন অবৈধ হবে এবং বাতিলকৃত চেক ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

তপন কুমার বিশ্বাস  
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।  
ভূমি অধিগ্রহণ শাখা  
২০১৭ সালের সম্পত্তি অধিগ্রহণ কেস নং ০৬/২০১৬-১৭  
বিজ্ঞপ্তি  
ফরম “ঘ”  
(৫ নং বিধি দ্রষ্টব্য )  
ঘোষণা  
[ধারা ১১(২) মোতাবেক]

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হয়েছে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও লুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সালের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে এ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং এ সম্পত্তি সর্বপ্রকার দায় -দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

তফসিল

জেলা-পঞ্চগড়, উপজেলা-আটোয়ারী মৌজা-সুখাতি, জে এল-৩১

খতিয়ান নং	দাগ নং	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
৪৪	৫৭৫৪	০.১৮২৫
৪০২	৫৭৫৫	০.১৪৭৫
		মোট= ০.৩৩০০একর

মোহাম্মদ জহিরুল ইসলাম  
জেলা প্রশাসক।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

বিজ্ঞপ্তি

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪৫.৬১২০.০০৬.২৩.০০১.১৮-১১৫/১(৯)—এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন ২ নং পুটিজানা ইউনিয়ন পরিষদের অন্তর্গত ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ আবুল হোসেন সাহেব পিতা-মৃত মাইন উদ্দিন সরকার, গ্রাম-বেড়িবাড়ী, ডাকঘর-বৈলাজান, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ গত ০৭-০২-২০১৮ইং তারিখ মৃত্যু বরণ করেছেন (ইন্টারলিম্বাহে.....রাজিউন)।

উক্ত সদস্যের মৃত্যু জনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা (২) এর প্রদত্ত ক্ষমতা বলে আমি নীরা তরফদার, উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ অত্র উপজেলাধীন ২নং পুটিজানা ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি তার মৃত্যুর তারিখ হইতে শূন্য ঘোষণা করলাম।

নীরা তরফদার  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রায়পুরা, নরসিংদী।

বিজ্ঞপ্তি

তারিখ ১৩ ফেব্রুয়ারি ২০১৮

নং ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.২০৪.১২.১৬৬—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার চরমধুয়া ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের (সাধারণ আসন) নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য আফাজ উদ্দিন, পিতাঃ-চাঁন মিয়া, গ্রামঃ-সমীবাদ, পোঃ-চরমধুয়া, উপজেলাঃ-রায়পুরা, জেলাঃ-নরসিংদী বিগত ০১-০২-২০১৮ খ্রি. তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে তার নিজ বাড়িতে ইন্তেকাল করেছেন (ইন্টারলিম্বাহে.....রাজিউন)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ)(সংশোধন) আইন, ২০১০ এর ৩৫(ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ শফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা নরসিংদী উক্ত ০১-০২-২০১৮ খ্রি. তারিখ হতে নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার চরমধুয়া ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের (সাধারণ আসন) ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ শফিকুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শিবচর, মাদারীপুর।

বিজ্ঞপ্তি

তারিখ ১১ ফেব্রুয়ারি ২০১৮

নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৩.০০৫.১৮-১৩৯—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) নং ধারার ক্ষমতাবলে আমি মোঃ ইমরান আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর। মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার নিলখী ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের সদস্য মাজেদা বেগম ১১-০২-২০১৮ তারিখ নিজ গৃহে বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মৃত্যু হওয়ায় নিলখী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের সদস্য পদটি ১১-০২-২০১৮ খ্রি: তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মোঃ ইমরান আহমেদ  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ছাগলনাইয়া, ফেনী।

বিজ্ঞপ্তি

তারিখ ৪ ফেব্রুয়ারি ২০১৮

নং ০০.৫৩৬.০২৪.০০.০৪.১০৩.২০১৮,৯৫/১(১০)—চেয়ারম্যান, যোপাল ইউনিয়ন পরিষদ, ছাগলনাইয়া, ফেনীর স্মারক নং-১/২০১৮, তাং ১১/২০১৮ খ্রি. তারিখের পত্রের পরিপ্রেক্ষিতে ছাগলনাইয়া, উপজেলাধীন ১০ নং যোপাল ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ নুরুন্নবী মামুন, ইউপি সদস্য, পিতা:-মো: নুরুল ইসলাম, গ্রাম:-নিজকুঞ্জরা, পো: নিজকুঞ্জরা, উপজেলা: ছাগলনাইয়া, জেলা: ফেনী গত ০৮-০১-২০১৮ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেছেন।

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ৩৫(১) (ঙ) ধারা অনুযায়ী আমি শাহিদা ফাতেমা চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী সর্বসাধারণের অবগতির জন্য ছাগলনাইয়া উপজেলাধীন ১০ নং যোপাল ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) (১) ধারা মতে ০৮-০১-২০১৮ খ্রি: তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

শাহিদা ফাতেমা চৌধুরী  
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ঝিকরগাছা, যশোর

বিজ্ঞপ্তি

তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০১৮খ্রিষ্টাব্দ/৩০মাঘ১৪২৪ বঙ্গাব্দ

নং ০৫.৪৪.৪১৯১.০২৩.২৭.০০৯.১৮-১৫৭—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(২) মতে আমার ওপর অর্পিত ক্ষমতাবলে আমি, মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর, এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, যশোর জেলাধীন ঝিকরগাছা উপজেলার ০৬ নং ঝিকরগাছা ইউনিয়ন পরিষদের ০১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য জনাব মো. ইসমাইল হোসেন, পিতা: মৃত্যু নূর আলী মোল্লা, মাতা মৃত্যু ছায়ারা বেগম, গ্রাম: হাড়িয়াদেয়াড়া, উপজেলাঃ ঝিকরগাছা জেলা যশোর, গত ০৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ রোজ রবিবার মৃত্যুবরণ করেন (ইন্সালিল্লাহি.....রাজিউন)।

অতএব, উক্ত সদস্যের মৃত্যুজনিত কারণে একই আইনের ধারা ৩৫(১) (ঙ) মতে তার মৃত্যুর তারিখ অর্থাৎ ০৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ হতে ০৬ নং ঝিকরগাছা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ জাহিদুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার।



কর কমিশনারের কার্যালয়  
কর অঞ্চল-রাজশাহী।

প্রজ্ঞাপন

তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০১৮

নং ২ই-৩/২০১৭-২০১৮/১০৭১—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই কর অঞ্চলের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল:

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি	বর্তমান কর্মস্থল	যে কার্যালয়ে বদলি করা হইল	অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল
১।	জনাব মোঃ জাহাঙ্গীর আলম উপ কর কমিশনার (চ.দা)	সদর দপ্তর (লজি. এন্ড মেইন) কর অঞ্চল-রাজশাহী।	-	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল -১৪, রাজশাহী
২।	জনাব মোঃ মকবুল হোসেন সহকারী কর কমিশনার	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৪, রাজশাহী	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৯, রাজশাহী	-
৩।	জনাব উৎপল হালদার সহকারী কর কমিশনার	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-৫, নওগাঁ	-	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-৪ নওগাঁ।
৪।	জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম সহকারী কর কমিশনার	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল -১৯, রাজশাহী।	উপ কর কমিশনারের কার্যালয়- সার্কেল ২০, নাটোর।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-২১ (সিংড়া), নাটোর।
৫।	জনাব সুমন চন্দ্র কুন্ড সহকারী কর কমিশনার	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল -৪, নওগাঁ।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৫, চাঁপাইনবাবগঞ্জ।	উপ কর কমিশনারের কার্যালয় সার্কেল-১৬ (শিবগঞ্জ), চাঁপাইনবাবগঞ্জ

২। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা'র নথি নং-০৮.০১.০০০০.০১৯.১২.০০২/৫১, তারিখ-৩০-০১-২০১৮ ইং মোতাবেক জনাব মোঃ শাহাদৎ হোসেন খাঁন, উপকর কমিশনার (চ.দা)'কে কর অঞ্চল-রংপুর এ বদলী করায় তাঁহাকে এই কর অঞ্চল এবং সার্কেল-১৫ চাঁপাইনবাবগঞ্জ ও সার্কেল-১৬ (শিবগঞ্জ), চাঁপাইনবাবগঞ্জের দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল।

৩। অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্ত হইবেন।

৪। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

ড. খন্দকার মোঃ ফেরদৌস আলম  
কর কমিশনার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম।

বিজ্ঞপ্তি

তারিখঃ ২৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ

নং ০৫. ৪৭. ৪৯৫২. ০০২. ০০৩.০৮৫.১৭.৮৯—যেহেতু, কুড়িগ্রাম সদর উপজেলাধীন ২ নং হলোখানা ইউনিয়ন পরিষদের ৭ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ নজরুল ইসলাম গত ৩১-০১-২০১৮ খ্রিঃ তারিখে ইন্তেকাল করেন;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আমিন আল পারভেজ, উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম ২ নং হলোখানা ইউনিয়ন পরিষদের ৭ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত ওয়ার্ড সদস্য পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করছি।

মোঃ আমিন আল পারভেজ  
উপজেলা নির্বাহী অফিসার।

জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।

(এল. এ. শাখা)

বিজ্ঞপ্তি

পুনঃগ্রহণ (রিজিউম) বিবিধ মামলা নং ০১/২০১৭-২০১৮

যেহেতু, কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন ১৬৫ নং উজিরপুর মৌজার এল. এ. কেস নং ০১/৪৭, ৪২/৫৬-৫৭, ৩৮/৩৪-৬৫ এবং ২৯/৭০-৭১ মূলে নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুকূলে অধিগ্রহণ করা হয়। উক্ত ভূমি বর্তমানে অব্যবহৃত থাকায় পুনঃগ্রহণ (রিজিউম) এর সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর ৭৮ নং অনুচ্ছেদ মোতাবেক নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি পুনঃগ্রহণ (রিজিউম) করে সরকারের খাস খতিয়ানভুক্ত করা হলো।

তফসিল

মৌজা- উজিরপুর, বি.এস. জেএল নং ১৬৫, উপজেলা-আদর্শ সদর, জেলা- কুমিল্লা।

খতিয়ান নং বি.এস	বি.এস. দাগ নং	রিজিউমকৃত জমির পরিমাণ (একর)
০২	৬২৬ (আংশিক)	৮.০০

সর্বমোট পুনঃগ্রহণকৃত (রিজিউম) জমির পরিমাণ : ৮.০০ একর।

মোঃ জাহাঙ্গীর আলম  
জেলা প্রশাসক।